শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
Natore Palli Bidyut Samity-1
ফুলবাগান, নাটোর-৬৪০০।
ISO 9001:2015 Certified

ফোনঃ পিএবিএক্স ০৭৭১-৬৬৯৫৮, সরাসরি-৬৬৮৭৫
E-Mail: natorepbs1@gmail.com
Web Address: www.pbs1.natore.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৯৬৩.৫১২.০২.০০৮.২০. ২৫৪

তারিখঃ ২৯ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

# "মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদের নিয়োগ বিজ্ঞপ্তি"

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নোক্ত পদে (চুক্তিভিত্তিক) লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের জন্য আগ্রহী প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নেবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন স্বাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১। | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | "পবিস বেতন কাঠামো-২০১৬ খ্রিঃ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০-৬২০-২৬,৪৮০ টাকা সহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি" | ০১। **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (২৮/০১/২০২০ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ৫৫ বছর বয়স পর্যন্ত চাকুরী করতে পারবেন।<br>০২। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীগণকে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।<br>(ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের জন্য রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ দান করা হবে। চুক্তিকালীন সময়ের কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন (ইতোপূর্বে তদন্ত না করা হলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার ১/২ টি কর্মদিবস বিরতি দিয়ে একই পদে পূণরায় ০৩ (তিন) বছর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ ০৩ (তিন) বার বা ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। |

## # আবেদন করার শর্তাবলীঃ

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ**
আগ্রহী প্রার্থীগণকে নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www.pbs1.natore.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক স্বহস্তে পূরণ করে আগামী ২৮/০১/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ে **"জেনারেল ম্যানেজারের কার্যালয়, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, ফুলবাগান, নাটোর-৬৪০০"** এ স্ব-শরীরে উপস্থিত হয়ে আবেদনপত্র জমা দিতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

(চলমান পৃষ্ঠা-০২)

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্যতোলা ০৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের (NID) সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার অথবা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(চ) পবিস এর সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত চাকুরীকালীন সময়ের "অভিজ্ঞতা সনদপত্র"। উল্লেখ্য যে, চাকুরীকালীন সময়ের সকল "অভিজ্ঞতা সনদপত্র" সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। **অন্যান্য শর্তাবলীঃ**

**(ক) অত্র নিয়োগ বিজ্ঞপ্তি চলাকালীন সময়ে যে সকল প্রার্থীর চুক্তিকাল চলমান থাকবে, তাঁদের আবেদন করার প্রয়োজন নেই। তবে যে সকল প্রার্থীর চুক্তিকাল আগামী ২৮/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে শেষ হবে তারাও আবেদন করতে পারবেন।**

(খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র পবিস এর অনূকুলে নগদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে। যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে (আবেদন পত্রের ১৯ নং ক্রমিকে বর্ণিত) উল্লেখ্য পূর্বক, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ্য করতে হবে।

(ঘ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।

(ঙ) অত্র পবিস এ কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মনোনীত বোর্ড পরিচালক/মহিলা বোর্ড পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাঁদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

(চ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা মেয়াদ পূর্তীর পূর্বেই স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।

(ছ) দুই বা তাঁর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(জ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঝ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঞ) নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সার্ভিস এলাকার [নাটোর জেলার নাটোর সদর উপজেলা (আংশিক), বাগাতিপাড়া উপজেলা (আংশিক), সিংড়া উপজেলা ও নলডাঙ্গা উপজেলা এবং রাজশাহী জেলার পুঠিয়া ও বাগমারা উপজেলা] আওতাধীন কোন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) এর আবেদন করার প্রয়োজন নেই।

(চলমান পৃষ্ঠা-০৩)

(ট) প্রাপ্ত আবেদনপত্রসমূহ নিয়োগ কমিটি কর্তৃক যাচাই-বাছাই কার্য সম্পাদন পূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে "On Job Service Length" বিবেচনা করতঃ জেষ্ঠ্যতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জেষ্ঠ্যতা নির্ধারণের ক্ষেত্রে নিম্নেবর্ণিত শর্তসমূহ প্রতিপালিত হবেঃ

১। একাধিক প্রার্থীর চাকুরীকাল একই হলে জেষ্ঠ্যতা নির্ধাণের ক্ষেত্রে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্রথম যোগদানের তারিখ বিবেচনা করা হবে।

২। চাকুরীকাল এবং উক্ত পদে প্রথম যোগদানের তারিখ একই হলে জন্ম তারিখ অনুযায়ী জেষ্ঠ্যতা নির্ধারিত হবে। অর্থ্যাৎ আগে জন্মগ্রহণকারী জেষ্ঠ্য হিসাবে বিবেচিত হবেন।

৩। চাকুরীকাল, উক্ত পদে প্রথম যোগদানের তারিখ এবং জন্ম তারিখ একই হলে সেক্ষেত্রে প্রার্থীর আবেদনপত্র নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ গ্রহণের ডায়েরী নম্বরের ক্রমানুযায়ী প্যানেলের প্রস্তুতের ক্রম নির্ধারিত হবে।

৪। উল্লেখ্য যে, অত্র নিয়োগ বিজ্ঞপ্তিতে যাহাই থাকুক না কেন; অত্র পবিস এর মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের জন্য প্যানেল প্রস্তুতের জেষ্ঠ্যতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবো এর বোর্ড সিদ্ধান্ত নং-১৬২৮৭ ও ১৬৯৩৫, স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ এবং স্মারক নং-২৭.১২.০০০০.০৩০.৩১.৫৯৭.১৮.৩৪৮, তারিখঃ ০৩/১২/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(ঠ) পরবর্তীতে অত্র নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিমার্জন/সংশোধন করার প্রয়োজন হলে অত্র পবিস কর্তৃপক্ষ তার অধিকার সংরক্ষণ করবেন।

স্বাক্ষরিত/-
(মোঃ সোহরাব হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য এবং জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৬। ডিজিএম (সদর-কারিগরী ও সিংড়া/পুঠিয়া/বাগমারা জোনাল অফিস), নাটোর পবিস-১।
০৭। এজিএম (অর্থ-হিসাব/সদস্য সেবা/ইএন্ডসি/ওএন্ডএম), নাটোর পবিস-১।
০৮। এজিএম, নলডাঙ্গা/বাগাতিপাড়া সাব-জোনাল অফিস, নাটোর পবিস-১।
০৯। নোটিশ বোর্ড, সদর-দপ্তর, নাটোর পবিস-১।
১০। ওয়েব সাইটঃ www.pbs1.natore.gov.bd
১১। অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ সোহরাব হোসেন)
জেনারেল ম্যানেজার

(ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১)

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ISO 9001:2015 Certified

# নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর "মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)" পদে প্যানেলভূক্তি/নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন ফরম

(বিঃ দ্রঃ-সংশ্লিষ্ট শূণ্য স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

(পাসপোর্ট সাইজের সদ্যতোলা এক কপি রঙ্গিন ছবি এ ঘরে আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে)

জেনারেল ম্যানেজার
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফূলবাগান, নাটোর-৬৪০০।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ............................................................ ৩. পদের ধরণঃ...................

২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ্য আছে)

..........................................................

৪. নিয়োগ বিজ্ঞপ্তির সূত্র

....................................

৫. প্রকাশনার তারিখ

................................................ ....................................... ...........................................................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (ইংরেজিতে বড় হাতের অক্ষরে) ৭. জন্ম তারিখ (.........পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

............................................................................................. ........../........./..............(দিন/মাস/বছর)

৮. মাতার নাম

৯. বয়স (২৮/০১/২০২০ খ্রিঃ তারিখে)

............................................................................................. ...............................................................

১০. পিতার নাম

১১. ধর্ম

............................................................................................. ...............................................................

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

.............................................................................................

১৪. টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক(√)দিন) [ ] বিবাহিত [ ] অবিবাহিত

**১৬. স্থায়ী ঠিকানাঃ**

| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ.ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |
|---|---|---|---|
| .................................... | .................................... | .................................... | .................................... |

**১৭. যে ঠিকানায় প্রার্থী নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ**

| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ.ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |
|---|---|---|---|
| .................................... | .................................... | .................................... | .................................... |

**১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে)ঃ**

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

(চলমান পৃষ্ঠা-০২)

১৯. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

| ক্রমিক নং | পবিসের নাম | কর্মকালীন সময় | | কত বছর কর্মরত ছিলেন |
|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২০. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (রক্ত সম্পর্কের আত্মীয়-স্বজন ব্যতীত)ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি, যা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

------------------------------------ তারিখ

------------------------------------------------ আবেদনকারীর স্বাক্ষর